

অন্তিম শয়নে মুকুল ভাই তবে কবরে উনি একা নন :



অবশেষে গতকাল রোববার আমরা মুকুল ভাইকে Kemp's Creek Cemetery এর মুসলিমদের নির্দিষ্ট জায়গায় দাফন করে আসলাম. তবে মুকুল ভাই একা নন, উনার সাথে এক জান্নাতি বাচ্চা মেয়েকে ট্যাগ করে দেওয়া হয়েছে. ২৩ সপ্তাহের এক premature মেয়ে উনার শরীরের কাফনের কাপড়ের ভিতরে একই কবরে শুয়ে দেওয়া হয়েছে. আমি এরকম আগে দেখিনি. তবে শুনলাম এটা নাকি খুবই সৌভাগ্যের লক্ষণ. আমাদের মুকুল ভাই সত্যি blessed বলতে হবে, ইনশা আল্লাহ.

সকাল ১১ টাএ মাত্র ১০ জন এর উপস্থিতিতে লাকেশ্বা মসজিদে উনার জানাজা নামাজ আমরা পড়ি. COVID 19 এর জন্য সরকারের বেঁধে দেওয়া নিয়মে আমাদেরকে সব কিছু করতে হয়েছে. সবাইকে না আসতে বিশেষ ভাবে অনুরোধ করা হয়. এটা আমার জন্য খুবই কষ্টকর ব্যাপার ছিলো. জানি অনেকে মনে কষ্ট পেতে পারেন. কিন্তু আমরা এখন এক অদ্ভুত পরিস্থিতির শিকার. আল্লাহ ভালো জানেন.

তবে সবার সুবিধার্থে আমরা ZOOM এর মাধ্যমে সরাসরি জানাজা ও দাফনের পর্ব দেখাই. সকাল ১০ টা থেকে বিকেল ৫ টা পর্যন্ত পৃথিবীর বিভিন্ন প্রান্ত থেকে সবাই মুকুল ভাই এর জানাযা ও দাফন দেখতে পায়. সবার স্বতঃস্ফূর্ত অংশগ্রহণে অনুষ্ঠান দীর্ঘায়িত করতে হয়. মেলবোর্ন থেকে আমাদের বুয়েট এর বড় ভাই আরশাদ হক পুরো অনুষ্ঠানএর মডারেটর হিসেবে কাজ করেন. উনি মুকুল ভাই এর জন্য দুয়াও পরিচালনা করেন. আমাদের এই উদ্যোগকে সবাই স্বাগত জানিয়েছে. অন্তত ZOOM এর কারণে মুকুল ভাই এর শেষ যাত্রায় সবাই শরিক হতে পেরেছিলো. সবাই তাদের কষ্টের কথা শেয়ার ও করেছে.

মুকুল ভাই নেই এটা এখনও বিশ্বাস হচ্ছে না. ঠিক মতো ঘুম হয়নি গত দুই রাট তাই আজ ছুটি নিলাম যদিও এখন Work from Home চলছে.

আজ সারাদিন বিভিন্ন জায়গা থেকে ফোন পেলাম, সবাই অবাক হয়েছে খবরটা পেয়ে. বর্তমানে COVID 19 এর কারণে এখন ফোন আর Social media ই একমাত্র মাধ্যম সব খবর জানাজানির জন্য.

ভালো থাকবেন মুকুল ভাই. আমরা আপনাকে এতো সহজে ভুলবো না. জানিনা লিসা ভাবি, নাইল, ছোটো রনেল কিভাবে আপনার অনুপস্থিতি মানিয়ে নিবে. আল্লাহ তাদেরকে অসীম ধর্য দেক. আর আপনার আশ্রয় জন্য অসম্ভব খারাপ লাগসে. তবে শুনতে পেলাম বার্ককের কারণে খালাম্মা এখন কিছুই বুঝতে বা মনে করতে পারেন না.

আল্লাহ আপনাকে জান্নাত বাসি করবে ইনশা আল্লাহ.

নওশাদ পারভেজ শাহ
BUET88 CE
AIT 91 WRE

4 May 2020
Sydney



